গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.১৮-৩৬৩

তারিখ: ১৭ ডিসেম্বর ২০১৮

বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের নভেম্বর ২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

স্থান : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।

তারিখ ও সময় : ০৬ ডিসেম্বর ২০১৮, সময় : সকাল- ১০.০০ টা।

উপস্থিতি : পরিশিষ্ট "ক"।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অর্থ ও কল্যাণ) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং তা সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় দৃঢ়ীকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১.০ | আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" এ প্রদত্ত তথ্যের উপর আলোচনা। | (ক) প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে প্রদত্ত মৃত্যুজনিত ক্ষতিপূরণ, বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" অনুযায়ী বিগত নভেম্বর ২০১৮ মাসের প্রাপ্ত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়। সভায় উপস্থাপিত তথ্যে প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পত্তির পরিমাণ সামান্য কম থাকায় আগত কেইসের চেয়ে নিষ্পত্তির সংখ্যা বৃদ্ধি করার বিষয়ে গুরুত্বারোপ করেন। | প্রবাসে মৃত কর্মী যাদের পাসপোর্টে জন্ম তারিখ ১৯৮৫ সাল ও তার পূর্বে উল্লেখ রয়েছে তাদের ক্ষেত্রে সংশ্লিষ্ট দূতাবাস/মিশন কর্তৃক প্রদত্ত এনওসিতে লিগ্যাল / বৈধ কর্মী প্রত্যয়নের ভিত্তিতে আর্থিক অনুদান প্রদান করতে হবে। | পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি) |
| ২.০ | মৃতের পরিবারের অনুকূলে মঞ্জুরীকৃত অর্থ ইএফটি (EFT) এর মাধ্যমে প্রদান। | (ক) বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে মৃতের পরিবারের অনুকূলে মঞ্জুরীকৃত অর্থ ইএফটি (EFT) এর মাধ্যমে সরাসরি প্রদানের নিমিত্ত বাংলাদেশ ব্যাংকের সাথে যোগাযোগপূর্বক দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন। | (ক) মৃতের পরিবারের অনুকূলে মঞ্জুরীকৃত অর্থ ইএফটি (EFT) এর মাধ্যমে সরাসরি প্রদানের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের সাথে যোগাযোগপূর্বক দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (আইআরপি) ও সিস্টেম এ্যানালিস্ট |
| | | (খ) ইএফটি (EFT) কার্যক্রম চালু করার জন্য মৃতের পরিবারের অনুকূলে প্রদত্ত চাহিদা পত্রে ব্যাংক হিসাব নম্বরসহ সংশ্লিষ্ট ব্যাংক শাখার রাউটিং নম্বর প্রদানের চাহিদাপত্র সংশোধনের বিষয়ে সভায় আলোচনা হয়। | (খ) মৃতের পরিবারের অনুকূলে প্রদত্ত চাহিদা পত্রে ব্যাংক স্টেটমেন্টের সাথে হিসাব নম্বর ও সংশ্লিষ্ট ব্যাংক শাখার রাউটিং নম্বর প্রদানের জন্য চাহিদাপত্র সংশোধন করতে হবে। | পরিচালক (সকল) |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ৩.০ | প্রবাসী কল্যাণ ডেস্ক এর মাসিক স্টেশনারী মালামালের চাহিদা প্রেরণ। | হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্ক এর ভারপ্রাপ্ত কর্মকর্তা সহকারী পরিচালক জনাব তানভির আহমেদ বলেন, ছুটিতে দেশে আসা কর্মীদের বিদেশ গমন প্রাক্কালে ছুটির কাগজ প্রিন্ট করার জন্য প্রতিদিন ১,০০০ (এক হাজার) হতে ১,৫০০ (এক হাজার পাঁচশত) জন এর বেশী কর্মী প্রবাসী কল্যাণ ডেস্কে আগমন করে। এতে প্রতি মাসে প্রচুর পরিমাণ কাগজ ও প্যাডের কালি প্রয়োজন হয়। ফলে প্রতিমাসে ২০ রীম কাগজ এবং প্রায় ৭টি প্যাডের কালির বোতল প্রয়োজন হয়। এ সকল মালামাল দ্রুত প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। প্রবাসী কল্যাণ ডেস্কের গুরুত্ব বিবেচনা করে প্রতি মাসে চাহিদা পত্র অনুযায়ী কাগজপত্রসহ ষ্টেশনারী মালামাল সরবরাহের বিষয়ে আলোচনা হয়। | হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্ক এর প্রতি মাসে চাহিদা পত্র অনুযায়ী চাহিত কাগজপত্রসহ ষ্টেশনারী মালামাল সরবরাহ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) ও প্রবাসী কল্যাণ ডেস্ক, হশাআবি, ঢাকা। |
| ৪.০ | বিদেশ হতে আগত গুরুতর অসুস্থ্য কর্মীদের চিকিৎসা প্রদানের লক্ষ্যে ঢাকা মেডিক্যাল কালেজ হাসপাতাল এর সাথে একটি সমঝোতা স্মারক / চুক্তিনামা। | বিদেশ হতে আগত গুরুতর অসুস্থ্য কর্মীদের সাময়িক চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে একটি বিশেষ জরুরি সেবা কেন্দ্র রয়েছে। উক্ত জরুরি সেবা কেন্দ্রে বিদেশ হতে আগত গুরুতর অসুস্থ্য কর্মীদের সাময়িক চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতাল এর সাথে একটি সমঝোতা স্মারক / চুক্তিনামা গ্রহণপূর্বক জরুরি সেবা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সভায় আলোচনা হয়। | ঢাকা মেডিক্যালে বিদ্যমান বিশেষ জরুরি সেবা কেন্দ্রে বিদেশ হতে আগত গুরুতর অসুস্থ্য কর্মীদের সাময়িক চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে ঢাকা মেডিক্যাল হাসপাতাল এর সাথে একটি সমঝোতা স্মারক / চুক্তিনামা সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৫.০ | প্রবাস বন্ধু কল সেন্টারের কার্যক্রম বৃদ্ধি। | (ক) দেশে বিদেশে প্রবাসী কর্মীদের বিভিন্ন সমস্যা সমাধানের জন্য ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের অধীন বিদ্যমান প্রবাস বন্ধু কল সেন্টারের কার্যক্রম আরো বৃদ্ধি করা প্রয়োজন মর্মে মহাপরিচালক গুরুত্বারোপ করেন। বর্তমানে প্রবাস বন্ধু কল সেন্টার সকাল ৯.০০ টা থেকে বিকাল- ৫.০০ টা পর্যন্ত পরিচালিত হয়। এ সেবা বিকাল ৬.০০ টা থেকে রাত ৯.০০ টা পর্যন্ত আরো বৃদ্ধি করার লক্ষ্যে প্রয়োজনীয় জনবলসহ আনুষঙ্গিক কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | (ক) প্রবাস বন্ধু কল সেন্টার সকাল ৬.০০ টা থেকে রাত ৯.০০ টা পর্যন্ত ২ (দুই) সিফ্‌টে চালু করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| | | (খ) প্রবাস বন্ধু কল সেন্টারের বর্তমানে ব্যবহৃত মোবাইল নম্বরের পাশাপাশি দূনীতি দমন কমিশন (দূদক) ও পুলিশ বিভাগের ন্যায় তিন ডিজিটের একটি নম্বর ব্যবহারের লক্ষ্যে বিটিসিএল এর সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন। প্রাথমিকভাবে দেশের অভ্যন্তরে প্রবাসীরা যেন এ সেবা বিনামূলে (টোল ফ্রি) কল করতে পারে তার | (খ) প্রবাস বন্ধু কল সেন্টারে বর্তমানে ব্যবহৃত মোবাইল নম্বরের পাশাপাশি সরকারি অন্যান্য প্রতিষ্ঠানের ন্যায় তিন ডিজিটের একটি নম্বর ব্যবহারের লক্ষ্যে বিটিসিএল এর সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রাথমিকভাবে দেশের অভ্যন্তরে ফ্রি | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(গ) প্রবাসী কর্মী ও তাদের পরিবারের জমি-জমা সংক্রান্ত বিভিন্ন সমস্যা ও সামাজিক সুরক্ষা প্রদানের লক্ষ্যে অগ্রাধিকার ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত মাঠ প্রশাসন তথা জেলা প্রশাসকদেরকে মন্ত্রিপরষদ কর্তৃক অনুশাসন প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বরাবর পত্র দেয়ার বিষয়ে আলোচনা হয়। | কল (টোল ফ্রি) সেবা চালু করতে হবে।<br>(গ) প্রবাসী কর্মী ও তাদের পরিবারের জমি-জমা সংক্রান্ত বিভিন্ন সমস্যা ও সামাজিক সুরক্ষা প্রদানের লক্ষ্যে মাঠ প্রশাসনকে অনুশাসন প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৬.০ | মেসার্স টেকনোহেভেন কর্তৃক দাখিলকৃত বিল প্রদান। | ইআরপি সফট্ওয়ার নির্মাতা প্রতিষ্ঠান মেসার্স টেকনোহেভেন কর্তৃক দাখিলকৃত বিল প্রদানের বিষয়ে যৌক্তিকতা ও বিচার বিশ্লেষনপূর্বক উপযুক্ত বিল নির্ধারণের লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনা হয়। | মেসার্স টেকনোহেভেন কর্তৃক দাখিলকৃত অতিরিক্ত বিল প্রদানের বিষয়ে যৌক্তিকতা ও বিচার বিশ্লেষনপূর্বক প্রযোজ্য বিল নির্ধারণের জন্য সিস্টেম এ্যানালিস্টকে দায়িত্ব প্রদান করা হলো। তিনি যথাশীঘ্রই দ্রুত এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | পরিচালক (আইআরপি) ও সিস্টেম এ্যানালিস্ট |
| ৭.০ | বিবিধ। | বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী স্টোর শাখায় সংরক্ষিত মালামালের পরিমান ইআরপি সিস্টেমের আওতায় হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | স্টোর শাখায় সংরক্ষিত মালামালের পরিমাণ ইআরপি সিস্টেমের আওতায় দ্রুত হালনাগাদ করার বিষয়টি নিশ্চিত করতে হবে । | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।

অনুলিপি :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
২। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৪। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৫। ডাটাবেইজ এ্যাডমিনিঃ/সিস্টেম এনালিস্ট, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। সহকারী পরিচালক (সকল) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৭। উপ-সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৮। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপনকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১০। পরিচালক (অর্থ ও কল্যাণ/ (প্রশাসন ও উন্নয়ন) /(আইআরপি) এর ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১১। মাষ্টার নথি/২০১৮।